

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.৫৫৪.১৬-(পার্ট-১)

তারিখঃ-----

বিষয়: মেসার্স কিউট ডেস ইন্ডাস্ট্রি লিমিটেড এর অনুকূলে এডহক শিল্প আইআরসি নিয়মিত করণের সুপারিশ প্রসঙ্গে।

মেসার্স কিউট ডেস ইন্ডাস্ট্রি লিমিটেড, অফিসঃ এল-৮, আরিফাবাদ হাউজিং সোসাইটি, আরিফাবাদ, ১নং সড়ক পল্লবী, ঢাকা ও কারখানাঃ বাথুলী, সাহাবেলীশ্বর, ধামরাই, ঢাকা। নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক (ওভেন ও নীট) এবং নিটিং শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি০০০৩৬০-১৬, তারিখঃ ০৪/১২/২০১৬ ইং। উক্ত শিল্প প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আই আর সি নং-ব-১১০৩০৯, তাং-২৯/০১/২০১৭ খ্রিঃ নিয়মিত করণের আবেদন জানালে কারখানাটি অত্র অধিদপ্তরের একজন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন পূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনের আলোকে ও তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে এডহক শিল্প আইআরসি নিয়মিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ষাষ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ করা হয়নি বিধায় ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটি কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

ক্র:নং	শিল্প উপখাত	এইচ.এস. কোড	সুপারিশকৃত আমদানিস্বত্ব (বার্ষিক)
১.	নিটিং	৬০০১.১০১ হতে ৬০০১.৯৯৯, ৫২০৫.১১, ৫২০৫.১২, ৫২০৫.১৩, ৫২০৫.১৪, ৫২০৫.২১, ৫২০৫.২২, ৫২০৫.২৩, ৫২০৫.২৪, ৫২০৫.২৫,	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি টাকা)।
২.	তৈরী পোশাক (ওভেন ও নীট)	-	স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে

অতএব উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মাবলি প্রতিপালন সাপেক্ষে মেসার্স কিউট ডেস ইন্ডাস্ট্রি লিমিটেড এর অনুকূলে এডহক শিল্প আইআরসি নিয়মিত করণের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২০১৮

(মোঃ সাইফুর রহমান)
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা (অঃ দাঃ)
ddexport@dot.gov.bd
ফোনঃ ৯১১৪২০৯

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার)
১৬তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

নং-২৪.০২.০০০০.০০৬.১৮. ৫৫৪.১৬-(পার্ট-১) ২৬৭৪

তারিখঃ ০৭/০৬/২৬-১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স কিউট ডেস ইন্ডাস্ট্রি লিমিটেড, অফিসঃ এল-৮, আরিফাবাদ হাউজিং সোসাইটি, আরিফাবাদ, ১নং সড়ক পল্লবী, ঢাকা ও কারখানাঃ বাথুলী, সাহাবেলীশ্বর, ধামরাই, ঢাকা।।
- ৩। মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২০১৮

(মোঃ নিজাম উদ্দিন)
সহকারী পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adexport@dot.gov.bd
ফোনঃ ৯১১১১০৯

